মেহেরপুরে দুই দিনব্যাপী শিশু মেলার উদ্বোধন

মেহেরপুরে শিশু ও নারী উন্নয়নে সচেতনতামূলক যোগাযোগ কার্যক্রম (৫ম পযায়) ১ ম সংশোধন শীর্ষক প্রকল্পের অধীনে দুই দিনব্যাপী শিশু মেলা-২০২২ উদ্বোধন করা হয়েছে।

বুধবার সকাল সাড়ে ১০ টার দিকে সদর উপজেলার শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় চত্বরে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

মেহেরপুর জেলা তথ্য অফিস আয়োজিত গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় আয়োজিত শিশু মেলায় স্বাগত বক্তব্য রাখেন জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম।

সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, শ্যামপুর-শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি আব্দুল বারী, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু প্রমুখ।

আলোচনা সভার আগে জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে একটি র্যালী বের করা হয়। মেলায় সরকারি বিভিন্ন দপ্তর ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ১৩টি স্টল দিয়েছে।

মেহেরপুর কম্বাইন্ড পদ্ধতির

মাধ্যমে ধান কাটার উদ্বোধন

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কম্বাইণ্ড পদ্ধতিতে হাইব্রিড বোরো ধান কাটার উদ্বোধন করা হয়।

বুধবার সকাল ১১ টায় মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের নবীনগর গ্ৰামের মাঠে ধান কাটার উদ্বোধন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে বিশেষ অতিথি মেহেরপুর কৃষি খামার বাড়ির উপ-পরিচালক ভারপ্রাপ্ত মুহাম্মদ শামসুল আলম খান অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান মোঃ শাহজামান মেহেরপুর সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোছাঃনাসরিন আক্তার মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা প্রমূখ। ৯৫ জন চাষির ১শত ৫০বিঘা জমির ধান কাটার মাধ্যমে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। ন

মেহেরপুরে ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন উপলক্ষে ওরিয়েন্টেশন সভা

জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদযাপন উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ে সাংবাদিকদের সাথে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে সিভিল সার্জনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী’র সভাপতিত্বে কর্মশালায় মূল বক্তব্য উপস্থাপনা করেন মেডিক্যাল অফিসার ফয়সাল হারুন।
আগামী ৪ জুন থেকে চারদিন ব্যাপী এ ক্যাম্পেইন চলবে। ৬ থেকে ১১

মাস বয়সী ৮১৮০ জন শিশুকে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৫৯৭৪৭ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।
কর্মশালায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইপিআই সুপার আব্দুস সালাম। এসময় মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সাংবাদিকরা অংশ নেন।

মেহেরপুর পৌর সভায় আওয়ামীলীগের এক বিদ্রোহীসহ মেয়র পদে ৪ প্রার্থী

মেহেরপুর পৌর সভার মেয়র পদে আওয়ামীলীগের একজন বিদ্রোহীসহ ৪ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এরা হলেন বর্তমান মেয়র ও আওয়ামীলীগ প্রার্থী মাহহফুজুর রহমান রিটন, বিদ্রোহী প্রার্থী জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, স্বতন্ত্র প্রার্থী সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু ও স্বতন্ত্র প্রার্থী কাওছার আলী।

এছাড়া সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ৩৫ জন ও সাধারণ কাউন্সিলর পদে ৪৬ প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন।
অপরদিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, বারাদী, পিরোজপুর ও শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে ২৬ জন, সংরক্ষিত নারী সদস্য পদে ৫৩ জন ও সাধারণ সদস্য (মেম্বর) পদের ১৯১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গতকাল মঙ্গলবার বিকাল ৫ টা পর্যন্ত ছিল মনোনয়ন সহকারী রিটার্নিং কর্মকর্তার কাছে এসব প্রার্থীরা স্ব স্ব কর্মী সমর্থকদের সাথে নিয়ে তাদের মনোনয়নপত্র জমা দেন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনাসার এ তথ্য নিশ্চিত করেছেন। আগামী ১৫ জন মেহেরপুর পৌরসভাসহ এই চারটি ইউনিয়নের ভোট অনুষ্ঠিত হবে। তবে এই প্রথম নব গঠিত শ্যামপুর ও বারাদী ই্উনিয়ন

এখন এক ডলারে ১০২ টাকা

দেশের খোলা বাজারে ডলারের তীব্র সংকট সৃষ্টি হয়েছে। ফলে বাজারের চাহিদা অনুযায়ী ডলার সরবরাহ করতে পারছে না মানিএক্সচেঞ্জগুলো। সে কারণেই প্রতি দিনই দর বাড়ছে। এক দিনের ব্যবধানে খোলা বাজারে মার্কিন ডলারের দাম ৪ টাকা বেড়ে ১০২ টাকা হয়েছে।

গত মঙ্গলবার রাজধানীর বিভিন্ন এলাকায় মানি এক্সচেঞ্জে প্রতি ডলার সর্বোচ্চ ১০২ টাকা পর্যন্ত বিক্রি হয়েছে। সোমবার খোলাবাজারে প্রতি ডলারের বিনিময় মূল্য ছিলো ৯৬ থেকে ৯৮ টাকা।

পুরান ঢাকার শাঁখারি বাজার এলাকার এক্সচেঞ্জ হাউজগুলো থেকে জানা গেছে, এখন ১০২ ডলার টাকায় পাওয়া গেলেও হয়তো বুধবার দাম আরও বেড়ে যাবে। কারণ, এক্সচেঞ্জ হাউজগুলো চাহিদা অনুযায়ী ডলার পাচ্ছে না। এছাড়া সামনে হজ মৌসুম আসছে, আরও দাম বাড়বে।

জানা গেছে, বেশ কিছুদিন ধরেই যুক্তরাষ্ট্রের মুদ্রা ডলারের বিপরীতে টাকার মান কমছে। সোমবার বড় দরপতন হয়। এক দিনেই আমেরিকান ডলারের বিপরীতে ৮০ পয়সা দর হারায় টাকা। দেশের ইতিহাসে এর আগে কখনই এক দিনে টাকার এত বড় দরপতন হয়নি। চাহিদা বৃদ্ধি ও সরবরাহ সংকটের কারণে এক সপ্তাহের ব্যবধানে বাংলাদেশ ব্যাংক সোমবার মার্কিন ডলারের বিপরীতে টাকার মান আবার কমায়। প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮০ পয়সা বাড়িয়ে ৮৭ টাকা ৫০ পয়সা নির্ধারণ করা হয়। গত জানুয়ারি মাসের শুরুতে ডলারের বিনিময় মূল্য ২০ পয়সা বাড়িয়ে ৮৬ টাকা করেছিল বাংলাদেশ ব্যাংক। সর্বশেষ ৯ মে ডলারের বিনিময় মূল্য ২৫ পয়সা বাড়িয়ে ৮৬ টাকা ৭০ পয়সা নির্ধারণ করা হয়।

উল্লেখ্য, চলতি ২০২১-২২ এদিকে চলতি ২০২১-২২ অর্থবছরের ১২ মে পর্যন্ত সব মিলিয়ে ৫০২ কোটি (৫.০২ বিলিয়ন) ডলার বিভিন্ন ব্যাংকের কাছে বিক্রি করেছে বাংলাদেশ ব্যাংক। ২০২০-২১ অর্থবছরে ব্যাংকগুলোর কাছ থেকে সব মিলিয়ে প্রায় ৮ বিলিয়ন (৮০০ কোটি)

ডলার কেনে বাংলাদেশ ব্যাংক। ২০১৩-১৪ অর্থবছরে ৫ দশমিক ১৫ বিলিয়ন ডলার কিনেছিল কেন্দ্রীয় ব্যাংক। এর আগে, বাজার স্থিতিশীল রাখতে গত অর্থবছরে ডলার কেনায় রেকর্ড গড়েছিল বাংলাদেশ ব্যাংক।

সূত্র: বাংলা নিউজ ২৪.কম

কোটচাঁদপুরে জোড়া খুন মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুরে আলোচিত জোড়া খুনের মামলায় দ্বিতীয় অভিযুক্ত আশরাফুল ইসলাম (৩২) কে গ্রেফতার করেছে র্যাব। গতকাল (সোমাবার) যশোরের চৌগাছা এলাকা থেকে তাকে গ্রেফতার করে র্যাব-৬ এর একটি দল।

বিষয়টি নিশ্চিত করেছেন, মামলার তদন্তকারী কর্মকর্তা কোটচাঁদপুর থানার ওসি (তদন্ত) জগনাথ চন্দ্র।

তিনি জানান, সংঘর্ষে হত্যাকান্ডের সঙ্গে জড়িত দ্বিতীয় এজাহারভুক্ত আসামী সলেমানপুর এলাকার আশাদুল ইমলামের ছেলে আশরাফুল ইসলাম যশোরের চৌগাছায় শশুরবাড়ি এলাকায় অবস্থান করে আত্মগোপনে আছে, এমন তথ্যের ভিত্তিতে যশোর র্যাব-৬ এর একটি দল সেখানে অভিযান চালায়। পরে আসামীর শশুরবাড়ির পাশের একটি বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। পরে আসামী আশরাফুলকে কোটচাঁদপুর থানা পুলিশের নিকট হস্তান্তর করে র্যাব। মঙ্গলবার তাকে জেল হাজতে পাঠানো হয়েছে।

প্রসঙ্গত, গত ১৪ এপ্রিল বাংলা বর্ষবরণের দিন সকালে স্থানীয় কোটচাঁদপুরের চৌগাছা বাসস্ট্যান্ডে পৌরসভার বিভিন্ন যানবাহন থেকে টোল আদায়কে কেন্দ্র করে দু’পক্ষের রক্তক্ষয়ী সংঘর্ষ বাধে। উভয় পক্ষ প্রকাশ্যে দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে গুরতর আহত ৪ জনকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে আখ সেন্টার এলাকার জীবন হোসেন নামে এক যুবলীগ কর্মী মারা যায়। এছাড়াও উন্নত চিকিৎসার জন্য যশোর নেওয়ার পথে আক্তার হোসেন

নামে আরো একজনের মৃত্যু হয়। এঘটনার এক দিন পর শুক্রবার রাতে নিহত আক্তার হোসেনের পিতা বাবু তালেব বাদী হয়ে সংশ্লিষ্ট থানায় ৮ জনের নাম উল্লেখ সহ অজ্ঞাত আরো ৫/৬ জনের বিরুদ্ধে মামলা করেন। এর আগে এ মামলার প্রধান আসামী সোহাগ হোসেনকে ঢাকার কলাবাগান ও আব্বাস আলীকে ঘটনাস্থল থেকে গ্রেপতার করে পুলিশ। হত্যাকান্ডে জড়িত বাকী আসামীদের গ্রেফতারে অভিযান চলছে বলে জানায় মামলার তদন্তকারী কর্মকর্তা।

মুজিবনগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতি সভা

মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্ট বালক (অনূর্ধ-১৭)২০২২ আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সভার আয়োজন করা হয়। উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,এলজিইডি ইন্জিনিয়ার শাহীন আক্তার, সমাজসেবা অফিসার আব্দুর রব, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হারুন-অর-রশিদ, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান সহ উপজেলার সকল অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ ও সংবাদকর্মিরা উপস্থিত ছিলেন।

আগামী ২১ ও ২৩ মে দুই দিনব্যাপী টুর্নামেন্ট মুজিবনগর কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত হবে।মুজিবনগর উপজেলার ৪ ইউনিয়নের অনূর্ধ-১৭ খেলোয়ার এই খেলায় অংশগ্রহন করতে পারবে।

গাংনী থানা পুলিশের অভিযানে ইয়াবাসহ দুজন আটক

অভিযানে ২ জন আসামীকে আটক করেছে গাংনী থানা পুলিশ। এসময় ৮ পিচ ইয়াবা উদ্ধার করা হয়েছে।
গত ২৪ ঘন্টার গাংনী থানা পুলিশের অভিযানে ৮ পিচ ইয়াবাসহ এ দু আসামীকে আটক করেছে বলে জানিয়েছেন মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম।
আটকদের আজ মঙ্গলবার (১৭ মে) সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে বড় ভাইকে হত্যার চেষ্টা ছোট ভাইয়ের

পারিবারিক কলহের জের ধরে বড় ভাইকে প্রকাশ্যে দিবালোকে গলাকেটে করে হত্যার চেষ্টা করেছে ছোট ভাই।
ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার বাওট গ্রামের দাশপাড়া এলাকায় আজ মঙ্গলবার (১৭ মে) বেলা পৌণে একটার দিকে।
আহত জামাল উদ্দীন বাওট গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে ও হত্যার চেষ্টা কারী তার ছোট ভাই আলমগীর হোসেন।
আহত জামাল উদ্দীনকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

পরিবারের লোকজন জানান, পরিবারিক কলহের জের ধরে জামাল ও আলমগীরের স্ত্রীর মধ্যে ঝগড়া ঝাটি হয়। স্ত্রীদের মধ্যেকার ঝগড়া ঝাটি শেষ পর্যন্ত দুই ভাইয়ের মধ্যে গড়াই। পরে তারা সংঘর্ষে লিপ্ত হয়। এক পর্যায়ে ঘর থেকে ছুরি এনে বড় ভাইয়ে গলায় পোচ দেয় ছোট ভাই। এসময় সে ঠেকানোর চেষ্টা করলে হাতে, পিঠে ও শরীরের বিভিন্ন অংশে কুপিয়ে জখম করে পালিয়ে যায় সে।
স্থানীয় ইউপি সদস্য নিয়ামত আলী সত্যতা নিশ্চিত করে বলেছেন, আহত জামাল উদ্দীনকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।

ছেউটিয়া নদী

অপরূপ নৈসর্গিক ও প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি আমাদের এই বাংলাদেশ। এদেশের এখানে সেখানে ছড়িয়ে ছিটিয়ে রয়েছে হাজারো নয়নোভিরাম দৃশ্য। অপরূপ সৌন্দর্যের ভাণ্ডার নিয়ে যেন দাঁড়িয়ে আছে অসংখ্য খাল-বিল, নদী নালা, গাছ-গাছালি, পাখির ডাক আর গ্রামের আঁকাবাঁকা মেঠো পথ। মনোরম পরিবেশ ও নয়নাভিরাম সৌন্দর্য প্রকৃতি প্রেমীদের মাঝে যোগ করে নতুন মাত্রা।

—–জুলফিকার আলী কানন